



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী
ফোন নং : ০২৪৭-৮১২৫৩২



web: www.rmscraj.edu.bd/e-mail: mail.rmssc@gmail.com

EIIN NO: 127043, COLLEGE CODE : 1032, SCHOOL CODE: 1975

তারিখ : ০৮/০৮/২০২০ খ্রি.

২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত ও জারীকৃত একাদশ শ্রেণিতে ভর্তি নীতিমালা-২০২০ অনুযায়ী রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহীতে বাংলা ভাষান ডে শিফটে একাদশ শ্রেণিতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তির জন্য অনলাইনে (**Website: www.xiclassadmission.gov.bd**) এর মাধ্যমে ছাত্র-ছাত্রী ভর্তির আবেদন আহবান করা যাচ্ছে।

০১। আবেদন করার যোগ্যতা:

ক। ২০১৮, ২০১৯, ২০২০ সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮, ২০১৯, ২০২০ সালে এস এস সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে নীতিমালার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্য বিবেচিত হবে। উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে বয়স সর্বোচ্চ ২২ বছর।

খ। এস এস সি/সমমানের পরীক্ষায় প্রাপ্ত ন্যূনতম জিপিএ:

শাখা / বিভাগ	ন্যূনতম যোগ্যতা	আসন সংখ্যা	ভর্তি ফি
বিজ্ঞান	জিপিএ-৫.০০	৩০০	সরকারি পরিপত্র অনুযায়ী নির্ধারিত
ব্যবসায় শিক্ষা	জিপিএ-৩.০০	১৫০	
মানবিক	জিপিএ-৩.০০	১৫০	

গ। শাখা পরিবর্তন করে ভর্তির আবেদনের ক্ষেত্রে বিজ্ঞান শাখা হতে মানবিক/ব্যবসায় শিক্ষা শাখার জন্য জিপিএ ৩.৫০, ব্যবসায় শিক্ষা শাখা হতে মানবিক শাখার জন্য জিপিএ-৩.০০ এবং মানবিক শাখার হতে ব্যবসায় শিক্ষা শাখার জন্য জিপিএ-৩.০০ থাকতে হবে।

০২। ৯৫% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে এবং মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। মেধার ভিত্তিতে ভর্তির পরে মোট আসনের ৫% মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের সন্তানের জন্য সংরক্ষিত থাকবে। উপর্যুক্ত কোটায় যদি প্রার্থী না পাওয়া যায় তবে এ আসন কার্যকরী থাকবে না। মুক্তিযোদ্ধার সন্তানদের সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদ পত্র দাখিল করতে হবে। যে সকল শিক্ষার্থী প্রতিবন্ধী হিসেবে এস এস সি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কেবল তারায় সংশ্লিষ্ট বোর্ডে ম্যানুয়ালি ভর্তির জন্য আবেদন করতে পারবে। প্রবাসীদের সন্তান/বি কে এস পি থেকে উত্তীর্ণ শিক্ষার্থী/খেলাধুলা এবং সাংস্কৃতিক ক্ষেত্রে বিভাগীয় বা জাতীয় পর্যায়ে অসামান্য অবদানের জন্য পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থী ভর্তির জন্য বোর্ডে ম্যানুয়ালি আবেদন করতে পারবে। এক্ষেত্রে বোর্ড উপযুক্ত প্রমানপত্র যাচাই বাছাই পূর্বক শিক্ষার্থীকে কাজিখত প্রতিষ্ঠানে (প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ন্যূনতম জিপিএ থাকা সাপেক্ষে) ভর্তির ব্যবস্থা নিবে।

০৩। শিক্ষার্থীরা শুধুমাত্র অনলাইনে আবেদন করতে পারবেন। অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ০৫ (পাঁচ) টি ও সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্যে থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রয়োজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার মেধাক্রম/অবস্থান নির্ধারণ করা হবে।

০৪। অনলাইনে ভর্তির আবেদন করার পদ্ধতি, ফল প্রকাশ, ভর্তি ও এ সংক্রান্ত তথ্যাদি www.xiclassadmission.gov.bd হতে পাওয়া যাবে।

০৫। শিক্ষা বোর্ড শিক্ষার্থীদের নিকট হতে প্রাথমিক নিশ্চায়ন করার সময় শিক্ষার্থী প্রতি ২০০/- ফি গ্রহণ করবে।

০৬। ৩য় পর্যায়ের শিক্ষার্থীর সিলেকশন নিশ্চায়ন হওয়ার পর চূড়ান্তভাবে ভর্তি যোগ্য শিক্ষার্থীর ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য প্রতিষ্ঠানের ওয়েব সাইট www.rmscraj.edu.bd হতে পাওয়া যাবে।

০৭। নীতিমালা অনুযায়ী ভর্তি সংক্রান্ত যেকোন সিদ্ধান্ত গ্রহণ, পরিবর্তন, পরিমার্জন, সংযোজন, সংশোধন ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

প্রফেসর মোঃ আকবর হোসেন-৪৩৫৫

অধ্যক্ষ

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ
রাজশাহী।